দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..05 MAY 2016.....
পৃষ্ঠা ..১৬... কলাম..২... ......

# মাদ্রাসা ছাত্রীকে হত্যার আলামত ময়নাতদন্তে

**নিজস্ব সংবাদদাতা, শেরপুর, ৪ মে ৷** নানা জল্পনা-কল্পনার পর অবশেষে নকলা
উপজেলার বানেশ্বর্দী গ্রামের মাদ্রাসা ছাত্রী রিমা আক্তারকে আঘাতে ও গলা
টিপে হত্যার আলামত পেয়েছেন ময়নাতদন্ত সম্পন্নকারী চিকিৎসকরা।
জেলা সদর হাসপাতালের আরএমও ডাঃ মোবারক হোসেন জানান, রিমার
ময়নাতদন্ত সম্পন্ন করে বুধবার তিনিসহ বোর্ডের অপর ২ সদস্য যৌথ
স্বাক্ষর করেছেন। ময়নাতদন্তে রিমার মাথায়, গলায় ও দুই হাতে আঘাতের
জখম পাওয়া গেছে। তাকে আঘাতসহ টুটি চিপে হত্যারই আলামত
পাওয়ায় ওই সংক্রান্তে মতামত দিয়ে রিপোর্ট দেয়া হচ্ছে। অপর এক
প্রশ্নের জবাবে তিনি বলেন, পুলিশের তরফ থেকে ময়নাতদন্তের
পাশাপাশি ডিজিস্টের ধর্ষণ সংক্রান্ত পরীক্ষা ও রিপোর্ট চাওয়া হয়নি।
সঙ্গত কারণে সে সম্পর্কে মতামতও দেয়া হয়নি। তবে বয়সের তুলনায়
ভিকটিমের যৌনাঙ্গের অবস্থা অস্বাভাবিক বলে মনে হয়েছে।